

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৫৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০০. গোসলের সময় মহিলারা তাদের চুলের বাঁধন খুলবে কি?

باب فِي الْمَرْأَةِ هَلْ تَنْقُضُ شَعَرَهَا عِنْدَ الْغُسْلِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَوْفِ، قَالَ قَرَأْتُ فِي أَصِلْ إِسْمَاعِيلَ بْنِ عَيَّاشٍ _ قَالَ ابْنُ عَوْفِ _ وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ أَبِيهِ، حَدَّثَنِي ضَمْضَمُ بْنُ زُرْعَةَ، عَنْ شُرَيْحِ بْنِ عُبَيْدٍ، قَالَ أَفْتَانِي جُبَيْرُ بْنُ نُفَيْرٍ عَنِ الْغُسْلِ، مِنَ الْجَنَابَةِ أَنَّ تَوْبَانَ، حَدَّتَهُمْ أَنَّهُمُ، اسْتَفْتَوُا النَّبِيَّ قَالَ أَفْتَانِي جُبَيْرُ بْنُ نُفَيْرٍ عَنِ الْغُسْلِ، مِنَ الْجَنَابَةِ أَنَّ تَوْبَانَ، حَدَّتَهُمْ أَنَّهُمُ، اسْتَفْتَوُا النَّبِيَّ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ فَقَالَ " أَمَّا الرَّجُلُ فَلْيَنْشُرْ رَأْسَهُ فَلْيَغْسِلْهُ حَتَّى يَبْلُغَ مَلْ عَلَيْهَا أَنْ لَا تَنْقُضَهُ لِتَغْرِفْ عَلَى رَأْسِهَا ثَلَاثَ غَرَفَاتٍ بِكَفَيْهَا ". بَكَفَّيْهَا أَنْ لَا تَنْقُضَهُ لِتَغْرِفْ عَلَى رَأْسِهَا ثَلَاثَ غَرَفَاتٍ بِكَفَيْهَا ".

۔ صحیح

বাংলা

২৫৫। শুরায়হ্ ইবনু 'উবায়িদ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, জুবাইর ইবনু নুফায়ির আমাদেরকে জানাবাতের গোসল সম্পর্কে ফাতাওয়াহ দেন যে, সাওবান (রাঃ) তাদের নিকট হাদীস বর্ণনা করেছেনঃ একদা তাঁরা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ সম্পর্কে ফাতাওয়াহ চাইলে তিনি বলেনঃ পুরুষ লোক তার মাথার চুল এমনভাবে ছেড়ে ধুয়ে নিবে, যাতে পানি চুলের গোড়ায় পৌঁছে যায়। তবে মহিলাদের মাথার চুল না খুললেও চলবে। তারা উভয় হাতে তিন অঞ্জলি পানি নিয়ে মাথায় ঢেলে দিবে।[1]

সহীহ।

English

Narrated Thawban:



Shurayh ibn Ubayd said: Jubayr ibn Nufayr gave me a verdict about the bath because of sexual defilement that Thawban reported to them that they asked the Prophet (ﷺ) about it. He (the Prophet) replied: As regards man, he should undo the hair of his head and wash it until the water should reach the roots of the hair. But there is no harm if the woman does not undo it (her hair) and pour three handfuls of water over her head.

ফুটনোট

[1] ইমাম যায়লাঈ একে 'নাসবুর রায়াহ' (১/১৮০) গ্রন্থে বর্ণনা করে বলেন, ইসমাঈল ইবনু আয়্যাশ ও তার ছেলের ব্যাপারে সমালোচনা আছে। মুহাম্মাদ ইবনু ইসমাঈল ইবনু আয়্যাশ সম্পর্কে হাফিয 'আত-তার্করীব' গ্রন্থে বলেন, তার উপর দোষ চাপানো হয় যে, তিনি তার পিতা থেকে না শুনেই হাদীস বর্ণনা করেছেন। আবূ ইসমাঈল ইবনু আয়্যাশ তার শহরবাসীর সূত্রে হাদীস বর্ণনায় সত্যবাদী। কিন্তু অন্যদের সূত্রে সংমিশ্রণকারী। আর এ হাদীসটি তার যামযাম তথা হিমসী থেকে বর্ণনা করেছেন যিনি তার শহরের অধিবাসী। অতএব তার সূত্রে তার বর্ণনাটি সহীহ। আর মূল হাদীস এবং জানাবাতের সময় মহিলাদের চুলের বাঁধন না খোলার বিষয়টিও সহীহ। যা গত হয়েছে (২৫১ নং)- এ।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । জানাবাতের গোসলে চুল ছেড়ে দেয়া মহিলাদের জন্য ওয়াজিব নয়। বরং মাথায় পানি ঢালাই যথেষ্ট।
- ২। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীগণ জানাবাতের গোসলের সময় তাঁদের চুলের বেণী বা খোপা খুলতেন না।
- ৩। নারীদের জন্য মাথায় তিনকোষ পানি ঢালাই যথেষ্ট।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন